এক, এখানে দোয়ার উপযুক্ত না হওয়ার দ্বারা উদ্দেশ্য হল, তার আভ্যন্তরীণ অবস্থার ভিত্তিতে আল্লাহর দরবারে সে সেই দোয়া পাওয়ার উপযুক্ত নয় (অর্থাৎ হয়তো সেই মুনাফিক কিংবা বাস্তবিক অর্থে কোন অপরাধের ভিত্তিতে শাস্তির উপযুক্ত)। তবে তার বাহ্যিক অবস্থা অনুযায়ী সে দোয়ার উপযুক্ত, তাই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার জন্য দোয়া করেছেন বাহ্যিক শরঈ প্রমাণ দ্বারা সে এর উপযুক্ত হওয়ার কারণে। যদিও প্রকৃতপক্ষে আল্লাহর দরবারে সে এই দোয়া পাওয়ার উপযুক্ত না হয়। কেননা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বাহ্যিক অবস্থা অনুযায়ী আচরণের জন্যই আদিষ্ট হয়েছেন। অন্তরের প্রকৃত অবস্থা সম্পর্কে একমাত্র মহান আল্লাহ তা'আলাই অবগত আছেন।

দুই, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ভর্ৎসনা উক্তি এবং তার বিনিময় দোয়া; এর কোনটাই মূলত কোন আবশ্যক অর্থ বহন করে না। বরং আরববাসীর স্বাভাবিক অভ্যাস মাফিক কথার মাঝে এসে পড়া এমন সাধারণ উক্তির মতোই, যার সাথে কোন নির্দিষ্ট নিয়ত থাকে না।

আর সবচেয়ে বড় কথা হল, রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে এ জাতীয় বিষয় অর্থাৎ ভর্ৎসনাচ্ছলে কাউকে কোনো কটু বাক্য বলা, বা অভিশাপ দেয়া তার জীবনে খুব কমই ঘটেছে। কেননা বিভিন্ন হাদিস দ্বারা প্রমাণিত, তিনি কখনো অশ্লীল বাক্য ব্যবহার করতেন না, অভিসম্পাত করতেন না, আপন স্বার্থে কারো থেকে প্রতিশোধ গ্রহণ করতেন না। বরং একাধিক জায়গায় এসবের ব্যাপারে খোদ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কঠোর নিষেধাজ্ঞা বর্ণিত হয়েছে।

আর তিনি ততক্ষণ পর্যন্ত কারো ব্যাপারে রাগান্বিত হতেন না যতক্ষণ না সে আল্লাহর নির্ধারিত কোন সীমাকে অতিক্রম করে। এমনই তো হবার কথা, যেখানে তিনি সৃষ্টির সেরা উন্নত চারিত্রিক বৈশিষ্ট্যাবলির অধিকারী। দয়া ও ভালোবাসায়, আদব ও শিষ্টাচারে, সম্মান ও মর্যাদায় সৃষ্টির সর্বোচ্চ আসনে সমাসীন একমাত্র মহাপুরুষ। স্বয়ং আল্লাহ তা'আলা স্বীয় গ্রন্থ আল কোরআনে তার প্রশংসা করেছেন উদারভাবে انك لعلي خلق عظيم নিঃসন্দেহে আপনি মহান চরিত্রের অধিকারী।

নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সর্বদা মানুষের সাথে আচরণ করতেন তাদের বাহ্যিক অবস্থার ভিত্তিতে। যে সুন্দর ব্যবহার করত, তাকে সুন্দর ব্যবহারই উপহার দিতেন। আর যে মন্দ আচরণ করত সে তেমনি প্রতিদান পেত।

যেমন আল্লাহ তাআলা বলেছেন সে (জুলকারনাইন) বলল যে সীমালংঘন করবে আমি তাকে শাস্তি দেবো, অতঃপর সে তার প্রতিপালকের কাছে ফিরে যাবে, তিনি তাকে কঠিন শাস্তি দিবেন।

একদা রাসূল সাল্লাল্লাহু আলাই সাল্লাম এরশাদ করেন-

إنكم تختصمون إلي ولعل بعضكم أن يكون ألحن بحجته من بعض فأقضي له على نحو مما أسمع منه فمن قطعت له من حق أخيه شيئا فلا يأخذه فإنما أقطع له به قطعة من النار

অর্থ বিভিন্ন সময় নানা বিচার-আচার নিয়ে তোমরা আমার কাছে আসো। তখন হয়তো তোমাদের কেউ কখনো কোনো গলত প্রমাণ আমার কাছে পেশ করে, আর তার কথা অনুযায়ী আমি তার পক্ষে ফায়সালা দিয়ে দেই। অতএব যে তার ভাইয়ের থেকে কোনো অংশ অন্যায়ভাবে নিয়ে নেয়, ভুল দলিলের ভিত্তিতে সেটা তার মালিকানায় চলে যাওয়ার কারণে। তাহলে সে যেন জাহান্নামের একটি টুকরা গ্রহণ করল। (মুত্তাফাক আলাইহি)

ইমাম শাতিবী রহমতুল্লাহি আলাইহি মুয়াফাক্বাত গ্রন্থে লিখেছেন বাহ্যিক অবস্থার ভিত্তিতে প্রাপ্ত বিষয়ের ক্ষেত্রে মূলনীতি হলো সেটা আহকামের ক্ষেত্রে নিশ্চিত বলে গণ্য হবে। আর আকিদাগত বিষয়ের ক্ষেত্রে সাধারণভাবেই বাহ্যিক অবস্থাকে নিশ্চিত বলে ধরে নেয়া হবে। কেননা মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিশ্চিত জ্ঞান থাকা সত্ত্বেও মুনাফিকদের অবস্থা অনুযায়ী তাদের সঙ্গে আচরণ করেছিলেন। যদিও তিনি তাদের আসল অবস্থা জানতেন এবং আল্লাহর নির্দেশ আসার আগ পর্যন্ত কখনো তা প্রকাশ করেননি।

অতএব যারা রাসূল সাল্লাহ আলাইহি ওয়াসাল্লামের বদদোয়া, ভর্ৎসনা বা বেত্রাঘাতের প্রকৃত উপযুক্ত, তারা মূলত তাদের কর্মফল হিসেবেই এর উপযুক্ত। আর যে শাস্তির উপযুক্ত তার জন্য শাস্তিই কল্যাণ ও ন্যায় বিচার। নবী করীম সাল্লাল্লাহু আলাই সাল্লাম কোন অনুপযুক্ত ব্যক্তিকে শাস্তি প্রদান করবেন, এমন কল্পনা করা তো সুদূর পরাহত বিষয়।

আহলে ইলমগন বলেছেন উপরে বর্ণিত বিশ্লেষনগুলো প্রযোজ্য হবে সে ক্ষেত্রে যেখানে ভৎর্সনা ও তিরস্কারমূলক বাক্যগুলো কোন নির্দিষ্ট ব্যক্তির জন্য নির্দিষ্ট কারনে হবে, এছাড়া নয়। অর্থাৎ যদি সেসব কথা ব্যাপকার্থে অনির্দিষ্টভাবে বলে থাকেন, এমনকি তার সাক্ষাৎ পায়নি পরবর্তী এমন সবার উপর তা পতিত হতে পারে, তখন কিছু আলেমের মতে এসবের কোন অর্থ ধরা হবে না। লক্ষণীয় বিষয় যে আল্লাহ তা'আলার কত রহমত ও দয়া তার নবী এবং সেই নবীর উম্মত এই আমাদের প্রতি যে, তিনি এই উম্মতের একজন পাপীর জন্য নবীর বদদোয়াকে রহমত বানিয়ে দিয়েছেন। এমতাবস্থায় তাদের মর্যাদা ও শ্রেষ্ঠত্ব কত বেশি, যারা সৎকর্মশীল অবস্থায় রাসূল সাল্লাল্লাহু আলাই সালাম এর দোয়া অর্জন করার সৌভাগ্য লাভ করেছেন?

তো যাইহোক, নবী করীম সাল্লাল্লাহু আলাই সালাম এর পক্ষ থেকে উপরোক্ত বিষয়গুলো যদি সংগঠিত হয়েও থাকে সেটা, তো সেটা এজন্যই হয়েছে যে, তিনিও একজন মানুষ। অন্যান্য মানুষের মতো তিনিও কোন কাজে অসন্তুষ্ট হয়ে কারো প্রতি রেগে যেতে পারেন।

তবে একথা সত্য যে, তার রাগ কখনও তাকে সত্য ও সঠিক অবস্থান থেকে এক চুল নড়াতে পারেনি। একথাও বলা যাবে না যে, তিনি রাগের মাথায় কারো প্রতি কোন অন্যায় অবিচার বা সীমালংঘন করে ফেলেছেন। উপরোক্ত কথারই প্রমাণ মেলে তার নিজ ববক্তব্যে; ইরশাদ করেছেন "হে আল্লাহ! আমি একজন মানুষ। মানুষ যেমন রাগে, আমিও তেমনি রেগে যেতে পারি।" তবে বলাবাহুল্য যে, তার রাগ তাকে কখনো কোন অন্যায়ের প্রতি প্ররোচিত করে নি, এবং তার নবুয়ত ও রিসালাতের মহান অবস্থানে একবিন্দু ত্রুটির সৃষ্টি করেনি।

আউনুল মা'বুদ গ্রন্থে উল্লেখিত হয়েছে যে, রাসূল সাল্লাল্লাহু ইসলামের এসব বদদোয়া, ভর্ৎসনা বা অভিশাপ ইত্যাদি কোন নির্দিষ্ট অর্থ বহন করে না। বরং কথাচ্ছলে মুখ ফসকে বেরিয়ে যাওয়া সাধারণ কিছু বাক্য বৈ কিছুই নয়, যেমন ছিল আহলে আরবের স্বাভাবিক অভ্যাস। আর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম শঙ্কিত ছিলেন, না জানি আল্লাহ এর কিছু কবুল করে নেন এবং সেই অনুপাতে কারো প্রতি মন্দ পরিণামের বোঝা চেপে যায়! তাই তিনি আল্লাহর দরবারে বিশেষভাবে দোয়া করেছেন যেন আল্লাহ এর বিনিময়ে তাদের গুনাহ মাফ করেন এবং এসব কে তাদের জন্য রহমত, পরিছন্নতা ও নৈকট্য হিসেবে গ্রহণ করেন। কেননা স্বয়ং রাসূল সাল্লাহু সাল্লাম এর হাদিস অনুযায়ী একজন মুসলিমের জন্য আরেকজন মুসলিম কে অভিশাপ বা গালি দেয়া সম্পূর্ণ হারাম।

যেমন রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন

لعن المؤمن كقتله

"কোন মুসলিমকে অভিশাপ করা, তাকে হত্যা করারই নামান্তর"। অন্যত্র ইরশাদ হয়েছে

إن اللعانين والطعانين لا يكونون شهداء ولا شفعاء يوم القيامة

অভিসম্পাতকারীদের জন্য কিয়ামতের দিন কোনো সাক্ষ্যপ্রদানকারী ও সুপারিশকারী থাকবেনা।

নাউজুবিল্লাহ...

তাহলে এটা কিভাবে সম্ভব যে কোন বিষয়ের ব্যাপারে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে সতর্ক করে অতঃপর তিনি নিজেই তাতে লিপ্ত হবেন? এ জাতীয় বিষয় কোন বিবেক ও বিবেচনাশক্তিহীন অপ্রকৃতিস্থ পাগল ছাড়া আর কেউই কল্পনা করতে পারে না।

আমরা জানি যে অভিশাপের অর্থ ও উদ্দেশ্য হচ্ছে প্রত্যাখ্যান ও দূরে ঠেলে দেয়া। আর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর তিরস্কার, ভর্ৎসনা ও অভিসম্পাত বাক্যগুলোকে কিয়ামতের দিন শাফায়াত ও রহমতে রূপান্তরিত করে দেয়ার জন্য আল্লাহর দরবারে প্রার্থনা করেছেন। তারপরও কিসের ভিত্তিতে অপরিণামদর্শী নির্বোধরা নবীজির সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের শানে জুলুমের অপবাদ আরোপ করতে চায়!

কোনো কোনো আহলে ইলমগন বলেছেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাই সাল্লাম আল্লাহর কাছে তার অভিশাপ বাক্যকে কিয়ামতের দিন তাদের জন্য শাফায়াত ও নৈকট্যে রুপান্তরিত করে দেয়ার আবেদন একথার প্রমাণ বহন করে যে, হয়তো রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোনোভাবে অভিশপ্ত ব্যক্তিদের পরিনামের ব্যাপারে অবহিত হয়েছিলেন। এ জন্যই এমন কায়মনোবাক্যে আল্লাহর দরবারে প্রার্থনা করেছেন।

ইবনে মুফলিহ বলেছেন-
একবার সাহাবায়ে কেরাম রাদিয়াল্লাহু আনহুম চেয়েছিলেন যেন রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুশরিকদের জন্য বদদোয়া করেন, কারণ তারা তো বদদোয়া পাবারই উপযুক্ত। যেমন আবু হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন

عن ابي هريرة رضي الله عنه قال، قيل يا رسول الله ادع على المشركين ، قال :إِنِّي لَمْ أُبْعَثْ لَعَّانًا ، وَإِنَّمَا بُعِثْتُ رَحْمَةً

নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলা হল, ইয়া রাসুলাল্লাহ! আপনি মুশরিকদের জন্য বদদোয়া করুন। তখন রাসূল সাল্লাহু সাল্লাম বললেন আমি বদদোয়া ও অভিসম্পাত করার জন্য আসিনি, বরং আমাকে প্রেরণ করা হয়েছে রহমত হিসেবে। (মুসলিম)

এমনই ছিল রাসূলের আচরণ ও দয়ার্দ্রতা সেই মুশরিকদের জন্য, যারা সত্যিই উপযুক্ত ছিল রাসূলের অভিসম্পাত পাবার, কিন্তু তারপরও তিনি তাদেরকে অভিসম্পাত করেননি। তাহলে কিভাবে নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে অভিসম্পাত করবেন, যারা ঈমান এনেছে তার প্রতি, সত্যায়ন করেছে তাকে, অনুসরণ করেছে তাঁর, এবং তিনি যেই সত্য নিয়ে প্রেরিত হয়েছেন তার জন্য যুদ্ধ করেছে, ও শহীদ হয়েছে?

আল্লামা মাজিরী রহমতুল্লাহি আলাইহি বলেন- যদি প্রশ্ন করা হয়, কিভাবে রাসূল সাল্লাল্লাহু আলাই সাল্লাম এমন ব্যক্তির জন্য বদদোয়া করতে পারেন, যে মূলত বদদোয়া পাবার উপযুক্ত ছিল না। তাহলে বলা হবে, "সে বদদোয়ার উপযুক্ত না" এর দ্বারা উদ্দেশ্য হলো তার অভ্যন্তরীণ অবস্থার বিবেচনায় সে উপযুক্ত না। তবে তার বাহ্যিক অবস্থার ভিত্তিতে সে তার উপযুক্ত ছিল।

এজন্য রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের প্রার্থনা ছিল এমন যে, "হে আল্লাহ! যদি আভ্যন্তরীণ অবস্থা অনুযায়ী সে আপনাকে সন্তুষ্টকারী বান্দা হয়ে থাকে, তাহলে তার বাহ্যিক অবস্থার উপর ভিত্তি করে আমার বদদোয়াকে তার জন্য পবিত্রতা ও রহমত বানিয়ে দিন।" আর নিঃসন্দেহে এটাই সঠিক অভিমত।

কেননা রাসূল সাল্লাহু সাল্লাম এর দায়িত্ব ছিল বাহ্যিক অবস্থার ভিত্তিতে বিচার করা। আল্লাহর নিকট বিচার হবে আভ্যন্তরীণ অবস্থা অনুযায়ী। আর এই কথা সঠিক হবে তখন, যখন বলা হবে রাসূল সাল্লাল্লাহু আলাই সাল্লাম বিচার-আচারে সাধারণত নিজের ইজতেহাদ অনুযায়ী ফায়সালা দিতেন। তবে যাদের মতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ওহির নির্দেশনায় বিচার করতেন, তাদের মতে এ কথা সঠিক হবে না।

আল্লামা মাজিরী রহমতুল্লাহি আলাইহি অতঃপর বলেন যদি প্রশ্ন করা হয়, তাহলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কথা" মানুষের মত আমিও রাগান্বিত হই" এর উদ্দেশ্য কি? কেননা একথার দ্বারা বোঝা যায় যে, তাঁর বদদোয়া বা অভিশাপ স্বভাবগত রাগের কারনেই হয়েছে, শরঈ কোনো কারনে নয়। তখন বলা হবে, এর উদ্দেশ্য এই যে, তাঁর রাগান্বিত হওয়াটা এবং অভিশাপ দেওয়া যদি সত্যি কোন অপরাধের জন্য হয়ে থাকে, তাহলে সেটা তার জন্য শাস্তি স্বরূপ হবে। আর যদি এমনটা না হয়, তাহলে সেটা তার জন্য সেই কাজের ব্যাপারে নিষেধাজ্ঞা বা অগ্রিম সতর্কবাণী স্বরূপ হবে। অতএব তার রাগান্বিত হওয়াটা আল্লাহর জন্যই হলো, যার উপর ভিত্তি করে তিনি কাউকে অভিসম্পাত করেছেন বা আঘাত দিয়েছেন। আর এটা শরীয়ত বহির্ভূত কিছু নয়।

তিনি আরো বলেন এর উদ্দেশ্য এমনও হতে পারে যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ জাতীয় কথা বা আচরণ মূলত স্নেহ ও সহানুভূতি বসত তার মুখ থেকে বেরিয়েছে। এবং এর দ্বারা তিনি আল্লাহর নির্ধারিত সীমা অতিক্রম করার ভয়াবহতা উম্মতকে শিক্ষা দিয়েছেন। ফলশ্রুতিতে তিনি নিজেও কিছুটা উৎকণ্ঠিত হয়ে পড়েছেন এ কথা ভেবে যে, না জানি আমার রাগটা অপরাধীর প্রাপ্য সাজাকে তুলনামূলক বাড়িয়ে দিয়েছে, তিনি যদি না রাগতেন তাহলে হয়তো এমনটা হতো না।

কিংবা এর উল্টো হয়েছে যে, তার রাগ প্রদর্শনের কারণে এর বিনিময়ে তিনি অপরাধীর প্রাপ্ত শাস্তি কিছুটা হালকা করে দিয়েছেন। যদি তিনি না রাগতেন তাহলে হয়তো এমনটা হতো না। এবং যারা মনে করেন রাসূল সাল্লাম থেকে সগিরা গুনাহ সংঘটিত হতে পারে, তাদের মতামত অনুযায়ী এগুলো সগীরা গুনাহের অন্তর্ভুক্ত হবে।

এছাড়া রাসূল সাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এজন্যও সঙ্কিত ছিলেন যে, তিনি পরবর্তীতে ভেবেছেন যে, হয়তো এভাবে রাগান্বিত হওয়া ছাড়াও অন্য কোনো ভাবে সতর্ক করা যেত, কিন্তু তিনি তা করেন নি। কিংবা এমনও হতে পারে যে অভিশাপ ভর্ৎসনা বা তিরস্কার জাতীয় বাক্য অনিচ্ছুক তাঁর মুখ থেকে বেরিয়েছে। অতএব সেটা ঐ অভিশাপের মতো নয়, যেটা সরাসরি আল্লাহর দিকে মনোনিবেশ করে এই আশায় প্রার্থনা করা হয়, যেন সেটা আল্লাহ কবুল করেন।

কাজী ইয়াজ রহমতুল্লাহি আলাইহি এই মতামতকেই প্রাধান্য দিয়েছেন এবং বলেছেন সম্ভবত তার থেকে যেসব ভর্ৎসনা বা তিরষ্কারমূলক কঠোর বাক্য এবং অভিশাপের কথা বর্ণিত হয়েছে, তার বাস্তব অর্থ উদ্দেশ্য নয়। বরং আরবদের স্বাভাবিক অভ্যাস ছিল কথার মাঝে সহসা এমন কথা বলে ফেলা, কিংবা কোন কঠিন অবস্থায় জোর দিয়ে কাউকে কিছু বলার সময় কিছুটা তিরষ্কারসূচক উক্তি করা। এর দ্বারা যে সত্যি সত্যিই এমন হতে হবে, এটা উদ্দেশ্যে নয়। যেমন তাদের কথা عقري حلقي "তোমার গলা কাটা পড়ুক" এবং تربت يداك "তোমার হস্তদ্বয় ধুলোয় ধুসরিত হোক"। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উৎকণ্ঠিত ছিলেন যে, না জানি অনিচ্ছাকৃত আমার এসব কথা ফলে যায়,তাই তিনি আল্লাহ থেকে অঙ্গীকার নিয়েছেন এবং প্রার্থনা করেছেন যেন এসব কথা বাস্তবে না ফলে, বরং কিয়ামতের দিন তাদের রহমতের কারণ হয়। এই সম্ভাবনাটা সঠিক ও সুন্দর।

তবে কথা হলো, রাসুলের কথা (جلدته) অর্থাৎ "আমি যাদের মেরেছি" এর সাথে এটা খাপ খায় না। কেননা বেত্রাঘাত কখনো অনিচ্ছাকৃত ভাবে হয় না। এক্ষেত্রে সকলেই প্রায় একই কথা বলেছেন। তবে কাজী ইয়াজ রহমতুল্লাহি আলাইহি নতুন সম্ভাবনার কথা উল্লেখ করেন, তিনি বলেনড় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কখনো রাগান্বিত অবস্থায় এমন কোনো কথা বা কাজে লিপ্ত হননি, যা তাকে সত্য থেকে বিচ্যুত করতে পারে। তবে কখনো কখনো আল্লাহর জন্য রাগ তাকে অপরাধীর শাস্তিকে ত্বরান্বিত করতে এবং ক্ষমা ও উদারতা প্রদর্শন করা থেকে বিরত রাখতে প্ররোচিত করেছে। এ কথারই সমর্থন করে হযরত আয়েশা রাদিয়াল্লাহু আনহা এর হাদিস, তিনি বলেন

ما انتقم لنفسه قط إلا أن تنتهك حرمات الله

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কখনো নিজ স্বার্থে কারো থেকে প্রতিশোধ গ্রহণ করতেন না। তবে কেউ আল্লাহর নির্ধারিত সীমা অতিক্রম করলে তাকে উপযুক্ত শাস্তি দিতেন।

এই মতটি সঠিক ধরে আমি বলি যে, উপরে বর্ণিত "উপযুক্ত না হওয়া" দ্বারা উদ্দেশ্য হল তাৎক্ষণিকভাবে উপযুক্ত না হওয়া।

অতএব এ সমস্ত সহিহ হাদিস এবং অন্যান্য দাঈফ, মাউদু ও মুনকার হাদীসের উপর ভিত্তি করে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর শানে জুলুম ও সীমালঙ্ঘনের অপবাদ লাগানো এমন কোন মুসলিমের দ্বারা সম্ভব নয়, যে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের মর্যাদা ও মাহাত্ম্য সম্পর্কে সামান্যও অবগত। যে এমনটা ধারণা করবে সে মহান আল্লাহর সাথে কুফুরী করল এবং ইসলামের বাঁধন থেকে মুক্ত হয়ে গেল। কেননা এমন ধারনা করা নববী অবস্থানকে তুচ্ছ ও হেয়জ্ঞান করার নামান্তর। এবং মহান রিসালাতের সম্মানিত অধিকারী কে অবজ্ঞা করার সমতুল্য।

উপসংহারে এসে বলছি যে, আলেমগণ বলেছেন এমন দোয়া শুধু রাসূল সাল্লাহু সাল্লাম এর সঙ্গেই খাস। তিনি ছাড়া আর কেউ তা করতে পারবেন না। ইমাম মুসলিম রহমাতুল্লাহি আলাইহি, আম্মাজান হযরত আয়শা রাদিয়াল্লাহু আনহা থেকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের হাদীস বর্ণনা করেছেন যে, তিনি বলেন

دَخَلَ عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَجُلانِ فَكَلَّمَاهُ بِشَيْءٍ – لا أَدْرِي مَا هُوَ – فَأَغْضَبَاهُ ، فَلَعَنَهُمَا وَسَبَّهُمَا ، فَلَمَّا خَرَجَا قُلْتُ : يَا رَسُولَ اللَّهِ مَنْ أَصَابَ مِنَ الْخَيْرِ شَيْئًا مَا أَصَابَهُ هَذَانِ . قَالَ : وَمَا ذَاكِ ؟ قَالَتْ : قُلْتُ : لَعَنْتَهُمَا وَسَبَبْتَهُمَا . قَالَ : أَوَ مَا عَلِمْتِ مَا شَارَطْتُ عَلَيْهِ رَبِّي ؟ قُلْتُ : اللَّهُمَّ إِنَّمَا أَنَا بَشَرٌ ، فَأَيُّ الْمُسْلِمِينَ لَعَنْتُهُ أَوْ سَبَبْتُهُ فَاجْعَلْهُ لَهُ زَكَاةً وَأَجْرًا

অর্থ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের এর নিকট দুজন লোক প্রবেশ করে তার সাথে কোন বিষয়ে কথাবার্তা বললেন। তাদের কোনো কথাবার্তা আমি কিছুই শুনিনি। একপর্যায়ে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের উপর খুব রেগে গেলেন এবং তাদেরকে ভর্ৎসনা ও অভিশাপ করলেন। যখন তারা বেরিয়ে গেল আমি বললাম, হে আল্লাহর রাসূল! যদি কারো প্রতি কোন কল্যাণ অবতীর্ণ হয় তবে অন্তত এদের প্রতি হবে না। তিনি বললেন কেন? আমি বললাম কারণ তারা আপনার অভিশাপ সঙ্গে নিয়ে গেছে। তখন তিনি বললেন হে আয়েশা! তুমি কি জানো না আমি আল্লাহর কাছ থেকে কি অঙ্গীকার নিয়ে রেখেছি? আমি বলেছি হে আল্লাহ! আমি একজন মানুষ। আমি যদি কোন মুসলমানকে অভিশাপ দিয়ে থাকি বা ভর্ৎসনা করে থাকি, তবে আপনি এর বিনিময়ে তাকে পবিত্রতা ও উত্তম প্রতিদান দান করুন।

অন্য একটি হাদীস বর্ণিত হয়েছে হযরত আবু হুরায়রা থেকে, তিনি বলেন আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি যে, তিনি বলেছেন হে আল্লাহ আমি যদি কোনো মুসলিমকে কটুকথা বলে থাকি, তবে আপনি একে কেয়ামতের দিন আপনার নৈকট্য অর্জনের মাধ্যম বানিয়ে দিয়েন। (বুখারী ও মুসলিম)

এই অঙ্গীকার শুধু রাসূল সাল্লাহু সাল্লাম এর ব্যক্তিসত্তার জন্যই নির্ধারিত, অন্য কারো জন্য নয়। কারণ বিভিন্ন হাদিসের সুস্পষ্টভাবে কোন মুসলিমকে কটুকথা বলতে বা গালি দিতে নিষেধ করা হয়েছে। যেমন বুখারী ও মুসলিম শরীফে বর্ণিত হয়েছে "মুসলমানকে গালি দেওয়া ফিসক্ তথা গুনাহ এবং তাকে হত্যা করা কুফুরী"। এবং ইমাম আহমদ থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন "কোন মুসলমান কে অভিশাপ করা তাকে হত্যা করারই নামান্তর"।

এসব হাদীস প্রমাণ করে যে, উপরোক্ত বিষয়টি শুধু রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গেই খাস। আমরা এই বিষয়টি সুস্পষ্ট ভাবে লিখেছি নবীবিদ্বেষীদের বিরুদ্ধে আমাদের নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে সাহায্য করার লক্ষ্যে।

হে আল্লাহ! আপনি এর বিনিময় আমাদের জন্য উত্তম প্রতিদান দান করুন এবং আপনার সঙ্গে সাক্ষাতের দিন এর মাধ্যমে আমাদের চেহারা কে সমুজ্জ্বল করুন। আমীন!

পূর্বসূরিদের থেকে শিক্ষা

প্রিয় বন্ধুর বয়ানে 'আমীরুল মুমিনীন শহিদ মোল্লা আখতার মুহাম্মাদ মনসুর রহিমাহুল্লাহ'

মূলঃ জালালুদ্দীন হাসান ইউসুফ যাঈ
অনুবাদঃ আবু খাদিজা

বিশ্ব আগ্রাসনবাদী সন্ত্রাসী আমেরিকা, আরো একবার নিজেদের কাপুরুষতা ও ব্যর্থতার মুখোশ উন্মোচন করল, ইমারাতে ইসলামিয়্যাহ আফগানিস্তানের সম্মানিত মুখপাত্র. আগ্রাসী শত্রুর বিরুদ্ধে পবিত্র জিহাদকে অগ্রসরকারী, ময়দানের অকুতোভয় সৈনিক, মুসলিম উম্মাহের হৃদয়ের স্পন্দন, বীর বাহাদুর, আপোষহীন লড়াকু, আমীরুল মুমিনীন মোল্লা আখতার মুহাম্মাদ মনসুর রহিমাহুল্লাহকে হত্যার মাধ্যমে। তিন বছর পূর্বে - ২১শে মে, ২০১৭ ইং তারিখে আফগানিস্তান ও পাকিস্তানের সীমান্তবর্তী এলাকার তুশকী'তে সন্ত্রাসী ড্রোন হামলার মাধ্যমে আমীরুল মুমিনীন কে শহিদ করা হয়। انا لله وانا اليه راجعون

শহিদ আখতার মুহাম্মাদ মনসুর রহিমাহুল্লাহকে আমীরুল মুমিনীন মোল্লা মুহাম্মাদ ওমর রহিমাহুল্লাহর পক্ষ থেকে এমন এক সময়ে ইমারাতে ইসলামিয়ার দায়িত্ব অর্পণ করা হয়েছিল, যখন ইমারার বিশেষ দুই দায়িত্বশীল ও আমিরুল মুমিনীনের সহযোগী মোল্লা ওবায়দুল্লাহ আখুন্দ ও মোল্লা বেরাদার আখুন্দ (হাফিজাহুল্লাহ) আমেরিকা ও পাকিস্তানের গুপ্তচরদের হাতে বন্দী হয়েছেন। ওই সময়টা ইমারাতে ইসলামিয়ার জন্য এক পেরেশানির ও দুর্যোগপূর্ণ মুহূর্ত ছিল। কেননা, আশঙ্কা হচ্ছিল মোল্লা আখতার মুহাম্মাদ মনসুর রহিমাহুল্লাহ ইমারার বিশেষ দুই দায়িত্বশীলদের কাজ নিজ কাঁধে একা বহন করতে পারবেন কিনা? এবং তাদের অনুপস্থিতির শূন্যতা পূরণ করতে পারবেন কিনা?

খোদ শহিদ মোল্লা আখতার মুহাম্মাদ মনসুর রহিমাহুল্লাহ নিজের অভিব্যক্তি পেশ করেন এভাবে যে, "আমার কাঁধে এক মহান দায়িত্ব অর্পিত হয়েছে। আমার দুই হযরত ইমারাতে ইসলামিয়ার যে গুরুত্বপূর্ণ দায়িত্বে সমাসীন ছিলেন, তাঁরা এরইমধ্যে কামিয়াবি ও সফলতা এনেছিলেন। তাঁরা মুজাহিদীনদের অবস্থা ও ঐক্যের প্রতি যথেষ্ট আন্তরিক ছিলেন। প্রত্যেক মুজাহিদকে নিজ নিজ যোগ্যতার উপর ভিত্তি করে দায়িত্ব অর্পণ করেছিলেন। দুর্দিন ও দুর্যোগপূর্ণ মুহূর্তেও ইমারাহকে নিজ পায়ে দৃঢ় রাখতে সদা সচেষ্ট ছিলেন"।

শহিদ মোল্লা আখতার মুহাম্মাদ মনসুর রহিমাহুল্লাহ মরহুম মোল্লা মুহাম্মাদ ওমর রহিমাহুল্লাহর একজন নিকটতম হিতাকাঙ্খী সঙ্গী ছিলেন। তাই তার সকল বৈশিষ্ট্য, যেমন- জিহাদ ফি সাবিলিল্লাহর জন্য নিজের কুরবানী, দ্বীনের প্রতি টান, আল্লাহ তায়ালার প্রতি অগাধ ভালোবাসা ও পূর্ণ একনিষ্ঠতা মরহুম মোল্লা ওমর রহিমাহুল্লাহর কাছে ছিল দিবালোকের ন্যায় সুস্পষ্ট। তাই তিনি ইমারতের সকল ব্যবস্থাপনার দায়-দায়িত্ব তার কাঁধেই অর্পণ করলেন।

শহিদ আখতার রহিমাহুল্লাহ পূর্ণ প্রচেষ্টা, সাহসিকতা ও ইখলাসের সাথে ইমারতে ইসলামিয়ার রক্ষণাবেক্ষণে নিজ কাঁধ ঝুঁকিয়ে দিয়েছিলেন। তিনি প্রজ্ঞা ও দূরদর্শিতার সাথে আগ্রাসী শত্রু ও তার বন্ধু মুরতাদদের বিরুদ্ধে মজবুত ভিত প্রস্তুত করেছিলেন। তার এ প্রচেষ্টা ইমারতে ইসলামিয়ার ইতিহাসে এক সোনালী অধ্যায় হিসেবে থাকবে ইনশাআল্লাহ।

আমিরুল মুমিনীন মোল্লা মুহাম্মদ ওমর রহিমাহুল্লাহর পরলোকগমন

আমিরুল মুমিনীন মোল্লা মুহাম্মদ ওমর রহিমাহুল্লাহর ইন্তেকালের দুঃসংবাদ প্রকাশিত হওয়ার পর ইমারাতে ইসলামিয়ার মজলিসে শুরার সম্মানিত সদস্যগণ শহিদ মোল্লা আখতার মুহাম্মাদ মনসুর রহিমাহুল্লাহকে নতুন মুখপাত্র হিসেবে নির্বাচন করেন। আফগানিস্তানের অধিকাংশ ওলামায়ে কেরাম, সম্মানিত দায়িত্বশীল এবং সকল মুজাহিদীন তার হাতে বায়'আত গ্রহণ করেন। আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা শহিদ আখতার মুহাম্মাদ মনসুর রহিমাহুল্লাহকে নির্বাচনের মাধ্যমে সকল মুসলমান, মুজাহিদীন, আমিলীনদের অন্তরে নতুন সাহস যোগালেন। সবার মধ্যে মোল্লা সাহেব রহিমাহুল্লাহর ইন্তেকালের দুঃখ-বেদনা অনেকটাই লাঘব করে দিলেন।

মোল্লা ওমর রহিমাহুল্লাহর রাষ্ট্র পরিচালনার ক্ষেত্রে যেমন কারো কোন দ্বিধা সংশয় ছিল না তেমনি শহিদ আখতার মুহাম্মাদ মনসুর রহিমাহুল্লাহর ব্যপারেও কারো কোন দ্বিধা সংশয় ছিল না।

কেননা, তিনি তো তাঁর হাতেই রোপন করা চারা, যা আজ এক ফলদার বৃক্ষের রুপ ধারণ করেছে। তিনি উত্তম পন্থায় ইমারার সকল কাজ আঞ্জাম দিলেন। ইমারার অভ্যন্তরীণ ও বহিরাগত দুশমনদের সকল ব্যর্থ প্রচেষ্টা ও হীন কৌশল কঠিন হস্তে দমন করলেন।

শহিদ মোল্লা আখতার মুহাম্মাদ মনসুর রহিমাহুল্লাহ আল্লাহ তাআলার সাহায্য ও নুসরতে ইমারাহকে এক প্লাটফর্মে ঐক্যবদ্ধ রাখতে সচেষ্ট ছিলেন। আমেরিকা ও কাবুল প্রশাসনের মদদে অনেক গুপ্তচর বিভিন্ন নামে বিভিন্ন স্লোগানে আত্মপ্রকাশ করেছিল। তাদের ইচ্ছা ছিল, ইমারাহকে গোত্রীয় ও ভাষাগত দলে খন্ড-বিখন্ড করে ফেলা। যার ফলশ্রুতিতে শুধু সাম্প্রদায়িকতা ও বংশীয় অন্তর্কলহই বৃদ্ধি পেতো। পাশাপাশি ইমারার ভবিষ্যৎ ভাগ্য নির্ধারণের চাবিকাঠি ঐ সব লোকদের হাতে চলে যেত, যারা ছিল কাবুল সরকারের মনোনীত। কিন্তু রব্বুল ইজ্জত আল্লাহ সুবহানাহু তায়ালা মোল্লা আখতার মুহাম্মাদ মনসুরের কথা-কাজে, চাল-চলনে ও স্থিরতায় এমন প্রভাব প্রতিপত্তি দান করেছিলেন, যার মাধ্যমে দুশমনদের সকল চ্যালেঞ্জ ও প্রতারণার ফাঁদ ছিন্ন-ভিন্ন হয়ে যায়।

অল্পকিছু লোক তার সঙ্গ ত্যাগ করেছিলেন, তাদেরকে পুনরায় নিজের কাছে নিয়ে আসলেন। যারা বাস্তবেই নিজেদের সংশোধন করার কথা ভাবতো, তাদেরকে কথা বলার সুযোগ দিলেন। আর যারা দুশমনদের হয়ে ইমারার ক্ষতিসাধনে সদা ব্যতিব্যস্ত থাকতো, তাদেরকেও সংশোধনের জন্য পূর্ণ চেষ্টা করেছিলেন। কিন্তু তারা ষড়যন্ত্রের পথ থেকে সরে আসেনি। পরিশেষে ইমারাহকে তাদের ফেতনা ও দুষ্কৃতী থেকে রক্ষা করার জন্য ভিন্ন পথ অবলম্বন করলেন।

জিহাদ ও রাষ্ট্র পরিচালনায় মোল্লা আখতার মুহাম্মাদ মনসুর রহিমাহুল্লাহ

মোল্লা আখতার মুহাম্মাদ মনসুর রহিমাহুল্লাহ জিহাদি কার্যক্রমের মূলধারা ঠিক রেখে তার কিছু সংস্কার করেছিলেন। তার এই সংস্কারের উদ্দেশ্য ছিল সকল মুজাহিদ যেন নিজ জিহাদের উদ্দেশ্য সম্পর্কে সম্যক ধারণা রাখতে পারেন। এছাড়া মুজাহিদগণ জনসাধারণের সাথে যেন উত্তম ও নম্র আচরণ করেন, জনগণের সকল সমস্যা ও প্রয়োজনের দিকে যেনো সজাগ থাকেন, জনউন্নয়নমূলক কাজগুলো সামনের দিকে নিয়ে যান। জনকল্যাণে বাধা হয়ে দাঁড়ায় এমন সকল বিষয় সংশোধন করেছিলেন। সংশোধন করতে গিয়ে কেউ যদি নিজ গলদ কাজের উপর গোঁ ধরে বসে থাকে তবে তাকে সে পথ থেকে সরিয়ে দিয়েছেন।

শহিদ আখতার মুহাম্মাদ মনসুর রহিমাহুল্লাহ ইমারার ব্যবস্থাপনা অফিসিয়াল কার্যক্রমকে পৃথক পৃথক কমিটিতে রুপান্তরিত করলেন। জরুরি বিভাগে রেখে দিলেন সম্মানিত শুরা কমিটিকে। শহিদ রহিমাহুল্লাহ ইমারার বিশেষ কাজের জন্য, মুহতারাম শাইখুল হাদিস মৌলভী হেবাইতুল্লাহ আখুন্দজাদাহ এবং মুহতারাম সিরাজুদ্দীন হাক্কানীকে নিজের সহযোগী হিসেবে নির্বাচন করলেন। তার এ নির্বাচন ইমারতে ইসলামিয়ার রাষ্ট্রীয় ব্যবস্থাপনা ও জিহাদী কার্যক্রমে নবশক্তি যোগায়।

শহিদ রহিমাহুল্লাহর এ দূরদর্শিতার সবচেয়ে বড় ফল ছিল এই - তার শাহাদাতের পর প্রধান আমির নির্বাচনে মুজাহিদীনদের মাঝে কোনও প্রকার কষ্ট পোহাতে হয়নি। সকল মুজাহিদ, দায়িত্বশীল, বিশেষত মারকাজ দায়িত্বশীলদের অন্তরে আল্লাহ তা'আলা এই দৃঢ় সিদ্ধান্ত ঢেলে দিলেন যে, তিনি যাদেরকে সহযোগী হিসেবে নির্বাচন করে গিয়েছিলেন, ইমারতের প্রধান জিম্মাদারির জন্য তাদের চেয়ে অধিক উপযুক্ত আর কেউ নেই। আর তার শাহাদাতের পর এমনটাই হয়েছে। শাইখুল হাদিস হেবাইতুল্লাহ আখুন্দজাদাহকে প্রধান আমীর এবং মোল্লা সিরাজুদ্দীন হাক্কানী ও মুহাম্মাদ ইয়াকুব হাফিজাহুল্লাহকে তার সহযোগী হিসেবে নির্বাচন করা হয়েছে।

শহিদ আখতার রহিমাহুল্লাহ জিহাদ ও ইমারার ব্যবস্থাপনার পাশাপাশি বহির্বিশ্বের সাথেও নিজেদের সম্পর্কের দ্বার উন্মোচন করলেন। পার্শ্ববর্তী দেশ সমূহ ও বিশ্বের বিভিন্ন দেশের আঞ্চলিক দপ্তরে বার্তা বাহকের মাধ্যমে এই পয়গাম পৌঁছে দিলেন যে, ইমারতে ইসলামিয়া যে কানুনের উপর প্রতিষ্ঠিত রয়েছে তার অন্যতম একটি লক্ষ্য হলো, নিজেদের প্রাণ উৎসর্গ করে দিয়ে হলেও আমেরিকা ও তাগুতি শক্তির বিরুদ্ধে মুকাবেলা করা। আর এ লক্ষ্য বাস্তবায়নের জন্যই মরহুম মোল্লা ওমর রহিমাহুল্লাহর কাঙ্খিত সে আঞ্চলিক দপ্তর খোলা হয়েছিল। বহির্বিশ্বের সাথে নিজেদের সম্পর্ক জোরদার করা এবং জনসাধারণের সমস্যার নিষ্কৃতির জন্য বহির্বিশ্বের মানবাধিকার অধিদপ্তরের সাথে সম্পর্ক রাখা ছিল একটি মৌলিক উদ্দেশ্য।

জনসাধারণের প্রতি শহিদ আখতার মুহাম্মাদ মনসুর রহিমাহুল্লাহর কোমলতা ও উদারতা

শহিদ রহিমাহুল্লাহ জনগণের দুর্দশা ও কষ্টের ব্যাপারে সদা উদ্বিগ্ন থাকতেন। কোথাও কোন দুর্ঘটনা ঘটলে, নিজে গিয়ে তা পর্যবেক্ষণ করতেন। ঘটনার মূল রহস্য উদঘাটন না করা পর্যন্ত কখনো স্বস্তিতে ফিরতেন না। ইমারার সকল বিশৃঙ্খলা দূর করতে এবং জনগণের অভিযোগ-অনুযোগ শুনতে একটি বিভাগ গঠন করলেন। পাশাপাশি অভিযুক্তদের শাস্তির জন্যও পৃথক আরেকটি বিচার বিভাগ প্রতিষ্ঠা করলেন।

আলহামদুলিল্লাহ! তার এ সকল পরিকল্পনার সুফল খুব অল্পসময়েই গোটা আফগানে ছড়িয়ে পড়ে। এমনই ভাবে - সাধারণ জনগণের সুবিধার্থে তিনি বলেছেন, "যদি কোন সময় কোন দায়িত্বশীল, কোন মুজাহিদ আ'ম জনতার সাথে সীমালংঘন করে, তবে ঐ আক্রান্ত ব্যক্তি নিজের সমস্যা ও অভিযোগ ইমারার সামনে উপস্থাপন করতে পারবে"। দায়িত্বশীলদের প্রতিও ফরমান জারি করে দিলেন, তারা যেন প্রতিটি জনগণের সমস্যা তাদের নিজ নিজ এলাকায় গিয়ে শুনে আসে এবং সেখানেই তার কোনো সমাধান বের করার চেষ্টা করে।

আমার খুব মনে পড়ে সে সময়ের কথা - একবার শহিদ রহিমাহুল্লাহ ইমারার সকল উর্দ্ধতন কর্মকর্তা ও দায়িত্বশীলদেরকে একত্রিত করে তাদের সামনে এক জোরালো ভাষণ দিলেন। হৃদয়ের আকুতি তুলে, আবেগ ভরা কণ্ঠে তাদের লক্ষ্য করে বললেন-

"হে সম্মানিত উমারাগণ! নিশ্চয়ই আপনারা অবগত আছেন যে, আজ আফগান জাতি সীমাহীন দুঃখ-কষ্ট ও অভাব-অনটনের মধ্য দিয়ে কাল অতিক্রম করছে। কষ্ট-যাতনা সহ্য করার মত তাদের দেহে আর শক্তি নেই।
হে উপস্থিত উমারা! আপনাদের প্রতি আমার বিনীত নিবেদন এই যে, আপনারা আওয়ামদের সাথে কোন প্রকারের সীমালংঘন করবেন না। আর যদি কেউ এমনটা করে তাহলে কিয়ামতের দিন এর দায় তার কাঁধেই বর্তাবে। তবে আমি তাকে কখনো ক্ষমা করব না। আমার সামনে যদি প্রমাণিত হয় যে, কোন মাসউল বা দায়িত্বশীল জনগণের সাথে ইচ্ছাকৃত কোন প্রকারের যুলুম করেছে, অথবা অন্যায় ভাবে কারো কাছ থেকে অর্থ গ্রহণ করেছে - তাহলে অবশ্যই তাকে আমি ওই ব্যক্তির উপস্থিতিতে বিচারের কাঠগড়ায় দাড় করাবো এবং উপযুক্ত বিচার করবো"।

তিনি আরো বলেন,
"হে সম্মানিত ব্যক্তিবর্গ! আপনারা কি একটু ভেবে দেখেছেন, আজ কে আপনাদেরকে এখানে জায়গা করে দিয়েছে? কে আপনাদের দেখাশোনা করছে? যদি এই আম-জনতা একরাত বা একদিনের জন্য আপনাদের সাহায্য থেকে দূরে সরে যায়, তবে কি ইমারার এটুকু সামর্থ্য আছে যে, আপনাদের পর্যন্ত কেবল আপনাদের খাবারটুকুই পৌঁছাবে"?

এমনিভাবে আমি এক মজলিসে শহিদ আখতার মুহাম্মাদ মনসুর রহিমাহুল্লাহ এর সামনে, প্রাদেশিক জনকল্যাণমূলক একটি পরিকল্পনার প্রস্তাব করেছিলাম। কিন্তু কিছু দায়িত্বশীল ভাই তাতে দ্বিমত করলেন। পরে শহিদ রহিমাহুল্লাহ পরিকল্পনাটির সার্বিক দিক চিন্তা করে যখন গুরুত্ব বুঝতে পারলেন, তখন সাথে সাথে প্রত্যেক জায়গায় তা বাস্তবায়ন করতে নির্দেশ দিয়ে দিলেন। পাশাপাশি এ ফরমান জারি করেন যে, সব জায়গায় যেন তা বাস্তবায়িত হয়। আর যে তা বাস্তবায়নের পথে কাঁটা হয়ে দাঁড়ায়, তাকে সংশোধন করার জন্য নিজ জায়গা থেকে সরিয়ে দিবে।

তারপর তিনি আমাকে বললেন, "আপনি আরেকটি কাজের জিম্মাদারী নেন। সেটা হলো এই ২ টি প্রজেক্টের দায়িত্ব আপনার জিম্মায় থাকবে। ওই সকল এলাকায় জনগণের কাছ থেকে জেনে নিবেন, তাদের কি কি উন্নয়নমূলক কাজ রয়েছে যা তাদের অতীব প্রয়োজন? এবং মুজাহিদিনের ভুলের কারণে তাদের মাঝে কি কি সমস্যা পরিলক্ষিত হয়েছে"? আরও একটা জিম্মাদারী হল - যে সকল প্রদেশে জনগণ কোন সমস্যায় পড়ে আছে এবং তাতে মুজাহিদীনদের কোন গাফলতি আছে কিনা - এর সকল তথ্য একত্রিত করে আমাকে অবগত করবেন"।

শহিদ রহিমাহুল্লাহর লক্ষ্য বাস্তবায়নের জন্য আমাকে আমার পছন্দের সবচেয়ে নিকটবর্তী ও নির্ভরযোগ্য সাথীও দিয়েছেন। যদিও এই দায়িত্ব আমার জিম্মায় ছিল না। তবুও তা বাস্তবায়নের জন্য আমাকেই দায়িত্ব দিয়েছেন। কেননা জনসাধারণের প্রতি তিনি অত্যন্ত কোমল ও দয়ার্দ্র ছিলেন। তাই তিনি ভেবেছিলেন হয়তো তার এ চেষ্টাটুকুও তাদের সমস্যা সমাধানে ভূমিকা রাখবে।

তিনি ইমারতের পক্ষ থেকে শিক্ষার জোর প্রসার ঘটালেন। শিক্ষা কার্যক্রম মানুষের জন্য সহজ করলেন। যেন নওজোয়ানরাও শিক্ষা-দিক্ষা থেকে বঞ্চিত না হয়। ইলম অর্জনের পাশাপাশি ইমারার সাথেও যেন তাদের সখ্যতা গড়ে উঠে।

শহিদ মোল্লা আখতার মুহাম্মাদ মনসুর রহিমাহুল্লাহর দৃঢ়-সংকল্প ও মজবুত অবস্থান

শহিদ মোল্লা আখতার মুহাম্মাদ মনসুর রহিমাহুল্লাহ সাধারণ মুজাহিদীন, নিজ সাথী-সঙ্গি ও সর্বস্তরের মুসলিমদের কাছে ছিলেন কোমল, সহনশীল ও ভালবাসার এক উঁচু মিনার। যাকে আল্লাহ তায়ালা সবার মাঝে শ্রেষ্ঠা মর্যাদা ও উত্তম চরিত্রের গুণে গুণান্বিত করেছিলেন। এজন্য তিনি আল্লাহর রাস্তায় জিহাদ ও উম্মতে মুসলিমার বিষয়ে এমন দৃঢ় অঙ্গীকারাবদ্ধ ছিলেন যে, নিজ অবস্থান থেকে এক ইঞ্চি সরে যাওয়াকেও শহিদানের পবিত্র খুনের সাথে গাদ্দারী মনে করতেন।

আমি কয়েকবার তার মুখ থেকে এ কথা বলতে শুনেছি, তিনি বলতেন "এই ইমারাহ কারো কোন বাপ-দাদার সম্পদ নয়। নিজের বংশীয়, জাতিগত কোনো উদ্দেশ্য চরিতার্থ করার জন্য এটাকে কেউ ব্যবহার করতে পারবে না। এটি আমাদের কাঁধে এক মহান আমানত। যা এগিয়ে চলেছে পবিত্র খুনের মাধ্যমে। আমাদের জন্য কর্তব্য হলো - নিজের মাথা দ্বিখন্ডিত করে হলেও এই ইমারাহকে শত্রুদের হাত থেকে রক্ষা করা"।

তিনি বলেন "প্রতিটি জানবাজ মুজাহিদ নিত্যদিন আগ্রাসী শত্রুর মোকাবেলায় নিজেকে কোরবান করে যাচ্ছে। আল্লাহ তায়ালার কাছে এ দুর্বল হাত তুলে তাদের জন্য দোয়া করছি, হে আল্লাহ! জীবন উৎসর্গকারী এ সকল শহিদদের খুন ও কোরবানির ওয়াসিলায় দুনিয়া ও আখেরাতে আমাদেরকে সফলতা দান করুন"।

শহিদ আখতার মুহাম্মাদ মনসুর রহিমাহুল্লাহর দোয়া ও হাজারী আল্লাহর নিকট সত্যিই যেন কবুল হয়েছিলো। জিহাদ ও বীরত্বের এ উঁচু মিনার জীবনের অন্তিম সময় পর্যন্তও ক্ষণিকের জন্য স্ব-স্থান থেকে খসে পড়েননি। দুশমনদের সামনে এক মুহূর্তের জন্যও নুয়ে যায়নি। আমেরিকা ও তার গোলামরা সকল দিক দিয়ে আমিরের বিরুদ্ধে ষড়যন্ত্রের ফাঁদ পেতেছিল। বিভিন্নভাবে ধোঁকায় ফেলার চেষ্টা করেছিল। তার ব্যাপারে মিথ্যা রটিয়ে কাজের মধ্যে দুর্গতি আনতে চেয়েছিল। ইসলাম ও জিহাদের ক্ষতি করতে সদা উত পেতে ছিল। কিন্তু ইসলাম ও ইসলামী সীমান্তের অতন্দ্র প্রহরী নিজের দেহ টুকরো টুকরো করেছে, তবুও জিহাদ, ইসলামী ইমারাহ ও তার আত্মোৎসর্গকারী মুজাহিদীনদের সাথে বিন্দুমাত্র ধোঁকা ও গাদ্দারী করেননি।

পরিশেষে আমেরিকা যখন শহিদ রহিমাহুল্লাহ এর দৃঢ় প্রতিজ্ঞা অনুভব করল, তখন ব্যর্থ হয়ে তাদের হীন কৌশলের দিকে অগ্রসর হলো। সন্ত্রাসী আমেরিকা তার গোলাম আফগান সরকারের সহায়তায় দ্বীনের এ সিপাহসালারকে ড্রোন হামলার মাধ্যমে শহিদ করে ফেলল।

শহিদ মোল্লা আখতার মুহাম্মাদ মনসুর রহিমাহুল্লাহ স্বীয় প্রতিজ্ঞা পূরণ করলেন নিজ দেহ ছিন্ন-ভিন্ন করে। পুনরাই সজীব করলেন হযরত খুবাইব রাদিয়াল্লাহু আনহুর আত্মোৎসর্গের সেই রক্তমাখা ইতিহাস। যখন খুবাইব রাদিয়াল্লাহু আনহুকে মক্কার মুশরিক ও মুনাফিকরা ফাঁসির মঞ্চে দাঁড় করালো, তখন তিনি আনন্দচিত্তে, গর্বভরে উচ্চকণ্ঠে বলেছিলেন -

لست أبالي حين اقتل مسلما على أي شق كان الله مصرعي.. وذالك في ذات الإله و ان يشأيبارك على أوصال شلو ممزع

অর্থাৎ আমার জীবনের কোন পরোয়া নেই যখন তা আল্লাহর জন্য নিবেদিত। যখন, যেখানে, যেভাবেই তা উৎসর্গ হোক, তাতে আমার কোন আফসোস নেই! কেননা - এসব কিছু আল্লাহর সন্তুষ্টির জন্যই। আমার রব যদি চান - তবে এই অস্থি ও মাংস টুকরোগুলোকেই তিনি কবুল করে নিবেন!!

শহিদ রহিমাহুল্লাহ শাহাদাতের পূর্বে, দুশমনদের হুমকি-ধমকি ও তাদের বিভিন্ন ষড়যন্ত্রের সংবাদ শুনে বুঝতে পেরেছিলেন যে, তাগুতি শক্তির দোসররা সুযোগ পেলেই তাকে হত্যা করে ফেলবে।

তাই তিনি সাথীদেরকে বারবার এ কথাই বলতেন যে, "আমি ইসলাম ও ইমারাহকে পৃথিবীর বুকে সমুন্নত করতে নিজের শির দিতে প্রস্তুত। কিন্তু মুসলমান এবং শহিদদের দুশমনদের সাথে কোন প্রকারের সমঝোতায় যেতে প্রস্তুত নই"।

শহিদ আমিরুল মুমিনীনের পবিত্র আত্মার জন্য, এই ভিখারি হাত তুলে ফরিয়াদ করছি, হে আল্লাহ! আমিরুল মুমিনীন এর কুরবানি এবং চলমান জিহাদে শাহাদাতবরণকারী সকল মুজাহিদ, মাসুমীনদের বরকতময় খুনের ওয়াসিলায় আমাদের এ পবিত্র ভূখণ্ডে সকল আগ্রাসী শত্রুদেরকে নাস্তানাবুদ করে দিন। হে আল্লাহ! আমাদের এ ভূখন্ডে আপনি ইসলামী হুকুমত পরিপূর্ণভাবে প্রতিষ্ঠা করে দিন! হে আল্লাহ! আমরা যেন আমিরুল মুমিনিন এর রেখে যাওয়া পবিত্র স্তম্ভগুলো হেফাজত করতে পারি সে তাওফিক দান করুন। হে আল্লাহ! এ ভূখন্ডে ইসলামী শরিয়াহ কায়েম করার মাধ্যমে আমীরুল মুমিনীন এর আত্মাকে প্রশান্ত করুন। আমীন। ইয়া রাব্বাল আলামীন।

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا هَلْ أَدُلُّكُمْ عَلَىٰ
تِجَارَةٍ تُنجِيكُم مِّنْ عَذَابٍ أَلِيمٍ [61:10]
تُؤْمِنُونَ بِاللَّهِ وَرَسُولِهِ وَتُجَاهِدُونَ فِي
سَبِيلِ اللَّهِ بِأَمْوَالِكُمْ وَأَنفُسِكُمْ ۚ ذَٰلِكُمْ
خَيْرٌ لَّكُمْ إِن كُنتُمْ تَعْلَمُونَ [61:11] يَغْفِرْ لَكُمْ
ذُنُوبَكُمْ وَيُدْخِلْكُمْ جَنَّاتٍ تَجْرِي مِن
تَحْتِهَا الْأَنْهَارُ وَمَسَاكِنَ طَيِّبَةً فِي
جَنَّاتِ عَدْنٍ ۚ ذَٰلِكَ الْفَوْزُ الْعَظِيمُ
[61:12] وَأُخْرَىٰ تُحِبُّونَهَا ۖ نَصْرٌ مِّنَ اللَّهِ
وَفَتْحٌ قَرِيبٌ ۗ وَبَشِّرِ الْمُؤْمِنِينَ [61:13]

মুমিনগণ, আমি কি তোমাদেরকে এমন এক বানিজ্যের সন্ধান দিব, যা তোমাদেরকে যন্ত্রণাদায়ক শাস্তি থেকে মুক্তি দেবে? তা এই যে, **তোমরা আল্লাহ ও তাঁর রসূলের প্রতি বিশ্বাস স্থাপন করবে এবং আল্লাহর পথে নিজেদের ধন-সম্পদ ও জীবনপণ করে জেহাদ করবে। এটাই তোমাদের জন্যে উত্তম; যদি তোমরা বোঝ।** তিনি তোমাদের পাপরাশি ক্ষমা করবেন এবং এমন জান্নাতে দাখিল করবেন, যার পাদদেশে নদী প্রবাহিত এবং বসবাসের জান্নাতে উত্তম বাসগৃহে। এটা মহাসাফল্য। এবং আরও একটি অনুগ্রহ দিবেন, যা তোমরা পছন্দ কর। আল্লাহর পক্ষ থেকে সাহায্য এবং আসন্ন বিজয়। মুমিনদেরকে এর সুসংবাদ দান করুন। সূরা-আস সাফ আয়াত-10-13

আপনি কি প্রস্তুত ?
এই আহ্বানে সাড়া দিতে

পতনের দ্বার প্রান্তে গণতান্ত্রিক ইসলামী আন্দোলন

শাইখ আবু আব্দুর রহমান শানকিতি হাফিজাহুল্লাহ
অনুবাদঃ মুহাম্মাদ সালমান রুমী

(১ম ও ২য় পর্ব যথাক্রমে তারবিয়াহ ১ ও ২ তে প্রকাশিত হয়েছে)

৬ নং সংশয়: প্রয়োজনীয়তা

এক ব্যক্তিকে বলতে শুনলাম, "আমাদের এই গণতন্ত্র চর্চা প্রয়োজনীয় বিষয়াবলীর অন্তর্ভুক্ত। আমরা আমাদের উপর থেকে জুলুম অত্যাচার দূর করার জন্য গণতান্ত্রিক এই সিস্টেমে প্রবেশ করতে বাধ্য। আমাদের এই অংশগ্রহণ অত্যাচার কমিয়ে আনার জন্য।" তাদের এমন সংশয়ের জবাবে আমরা বলব, আমরা আল্লাহর দ্বীনের দিকে মানুষকে আহ্বানকারী। আমাদের দায়িত্ব হচ্ছে, নবীদের অনুসৃত পথে নিজেদেরকে পরিচালনা করা। এই পথ কাঁটাযুক্ত ও বিপদসংকুল। যারাই নবীদের পথে চলতে চেয়েছে, তারাই এভাবে শত্রুতা ও নিগ্রহের শিকার হয়েছে।

এখন আমরা যদি এই বিপদ আপদ সহ্য করার জন্য প্রস্তুত থাকি, তবে আল্লাহর দ্বীনের জন্য অবিরাম আমাদের কাজ চালিয়ে যেতে হবে। আর আল্লাহর কাছে এর প্রতিদানের আশা রাখতে হবে। আর যদি আমরা এর জন্য প্রস্তুত না থাকি,তাহলে আল্লাহর দ্বীন পালনের বিকৃত-পন্থাকে অত্যাচারীদের অত্যাচার প্রতিহত করার মাধ্যম হিসেবে গ্রহণ করা আমাদের জন্য বৈধ না।

কেউ যদি আল্লাহর দ্বীনের জন্য কাজ করার চাইতে নিজের নিরাপত্তাকে বেশি গুরুত্ব দেয়, তার উচিৎ এখান থেকে সরে পড়া। এতে করে আল্লাহর দ্বীনের কাজে তার যেমন কোনো অবদান থাকবে না, একইভাবে সে ক্ষতির কারণও হবে না। এমন ব্যক্তির উচিত দাওয়াহ ইলাল্লাহ'র দায়িত্ব পরিত্যাগ করা।

জাবের রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন-
রসুলুল্লাহ ﷺ দশ বছর মক্কায় অবস্থান করেছেন। এ সময় তিনি মানুষের বাড়িতে বাড়িতে, উকায ও মাজান্নার বাজারে, হজ্বের মৌসুমে মিনাতে তাদের পেছনে পেছনে ঘুরতেন। তিনি বলতে থাকতেন, "কে আছো আমাকে আশ্রয় দেবে? কে আছো আমাকে সাহায্য করবে, যাতে আমি আমার রবের পয়গাম পৌঁছে দিতে পারি। আর এর বিনিময়ে তার জন্য রয়েছে জান্নাত।" তখন এমন হয়েছিল, ইয়ামান থেকে অথবা মূযর গোত্র থেকে কেউ একজন তার কাছে আসে। বর্ণনাকারী এমনটিই বলেছেন।

তখন তার গোত্রের লোকেরা তার কাছে এসে বলতে শুরু করে, কোরাইশের এই লোকের ব্যাপারে সাবধান! সে যেন কিছুতেই তোমাকে ফেতনায় ফেলে না দেয়। তিনি যখন সে সকল লোকের মাঝে হাঁটতেন, তখন লোকেরা তার দিকে আঙ্গুল দিয়ে ইশারা করতো। একসময় আল্লাহ আমাদেরকে ইয়াসরিব থেকে তার নিকট পাঠালেন। আমরা তাঁকে আশ্রয় দিলাম এবং সত্যায়ন করলাম। সে সময় এমন একটা অবস্থা দাঁড়িয়েছিল যে, আমাদের মধ্য থেকে কেউ তার কাছে যেত, তার প্রতি ঈমান আনত, তিনি তাঁকে কুরআন পড়াতেন। তখন এই ব্যক্তি নিজ পরিবারের কাছে ফিরে আসত। তখন পরিবারের লোকেরা তার হাতে ইসলাম গ্রহণ করতো। এভাবে চলতে থাকে। একসময় আনসারদের একটি ঘরও এমন অবশিষ্ট রইল না যেখানে কিছু সংখ্যক মুসলমান নেই, যারা নিজেদের ইসলামের কথা প্রকাশ করত। তখন তারা সকলে মিলে পরামর্শ করল। আমরা বললাম, আমরা আর কতকাল -কে ফেলে রাখবো। তিনি মক্কার পাহাড়গুলোতে ভয়-ভীতি ও নিগ্রহের শিকার হয়ে পড়ে আছেন। অতঃপর আমাদের মধ্য থেকে সত্তর জনের একটা কাফেলা সফর করে হজের মৌসুমে তার সঙ্গে সাক্ষাৎ করলো। ঠিক হলো, আমরা তার সঙ্গে আকাবার ঘাঁটিতে মিলিত হবো।

যথা সময়ে আমরা একজন দুজন করে যথাস্থানে পৌঁছতে থাকলাম । এক পর্যায়ে আমরা সকলেই সেখানে সমবেত হয়ে গেলাম। তখন আমরা বললাম ইয়া রাসুলুল্লাহ! আমরা আপনার কাছে বাইয়াত হতে চাই। তিনি বললেন আমার হাতে তোমাদের এই বিষয়গুলোর উপর বাইয়াত হতে হবে:

উদ্যম ও নিরুদ্যম সর্বাবস্থায় তোমরা শ্রবণ ও আনুগত্য করবে। অভাবে অনটনে এবং সুখে স্বাচ্ছন্দ্যে সর্বাবস্থায় খরচ করবে। তোমরা সৎকাজের আদেশ করবে এবং অসৎ কাজে নিষেধ করবে। আল্লাহর রাহে সত্য উচ্চারণ করবে এবং এক্ষেত্রে কোন তিরস্কারকারীর তিরস্কারের পরোয়া করবে না। আর আমি যখন তোমাদের কাছে চলে যাব, তখন তোমরা আমাকে সাহায্য করবে এবং যে সকল বিপদ আপদ তোমরা নিজেদের জন্য, নিজেদের পরিবার-পরিজনের জন্য মোকাবেলা করো, আমার জন্যেও সে সকল বিপদ আপদ মোকাবেলা করবে। এসব কিছুর বিনিময়ে তোমাদের জন্য রয়েছে জান্নাত। বর্ণনাকারী বলেন, তখন আমরা দাঁড়িয়ে তার হাতে বাইয়াত হতে চাইলাম।

এমন সময়ে আস'আদ ইবনে যূরারা, যিনি এই কাফেলার মাঝে সর্বকনিষ্ঠ, তিনি নবীজির হাত ধরে ফেলে বললেন, "হে ইয়াসরিববাসী! থামো। নিশ্চয়ই আমরা এই বিশ্বাস নিয়েই এত দূর সফর করে এসেছি যে, তিনি আল্লাহর রসূল ﷺ । আজকে এখান থেকে তাকে বের করে নেয়ার যে প্রতিজ্ঞায় তোমরা আবদ্ধ হচ্ছো, তার অর্থ হচ্ছে, গোটা আরবের সঙ্গে তোমাদের সম্পর্কচ্ছেদ ঘটা, তোমাদের অভিজাত লোকেরা নিহত হয়ে যাওয়া এবং তোমরা তরবারির আঘাতের শিকার হওয়া। এসব কিছু যদি তোমরা সহ্য করবার জন্য প্রস্তুত থাকো, তবে আল্লাহর কাছে এর প্রতিদান রয়েছে। আর যদি ভীরুতার কারণে তোমরা নিজেদের ব্যাপারে ভয় করো, তাহলে এখনই সেটা স্পষ্ট করে বলে দাও। কারণ এ কাজ আল্লাহর কাছে তোমাদের জন্য ওজর হিসেবে গণ্য হবে।"

তখন সকলেই বলল, আমাদেরকে ছেড়ে দাও হে আস'আদ! আমরা আল্লাহর শপথ করে বলছি, আমরা কখনোই এ বাইয়াত পরিত্যাগ ও ভঙ্গ করব না। বর্ণনাকারী বলেন, তখন আমরা উঠে নবীজির দিকে এগিয়ে গেলাম এবং তাঁর হাতে বায়াত হলাম। তিনি আমাদের থেকে বাইয়াত গ্রহণ করলেন এবং [আল্লাহর পক্ষ থেকে] বিনিময়ে জান্নাত দানের প্রতিশ্রুতি দান করলেন। (ইমাম আহমদ হাদীসটি বর্ণনা করেছেন)

অতএব আমাদের কর্তব্য হলো, বিপদে আপদে ধৈর্য ধারণ করা। নিরাশ না হওয়া। আল্লাহর দ্বীনের উপর দুনিয়াকে প্রাধান্য না দেয়া। আর নৈরাশ্য এবং ধৈর্যহীনতার একটা রূপ হলো, বিপদের মুখে আল্লাহর দ্বীনের ব্যাপারে ছাড় দিতে শুরু করা। এমন সব মাধ্যম দ্বারা বিপদ মোকাবেলা করতে চেষ্টা করা, যেগুলোর বৈধতা আল্লাহ তা'আলা দেননি। আমরা যদি এ কাজগুলো করি, তবে আমাদের উদাহরণ হল ওই ব্যক্তির মত, যে জিহাদের ময়দানে অনেক ত্যাগ স্বীকার করেছে, এরপর ক্ষতস্থানে ব্যথার তীব্রতা সহ্য করতে না পেরে আত্মহত্যা করেছে। উক্ত ব্যক্তি ধৈর্য ধারণ করেনি। বরং শরীয়ত বহির্ভূত পন্থায় যন্ত্রণা থেকে বাঁচতে গিয়ে আত্মহত্যা করেছে। ফলে সে জাহান্নামে প্রবেশ করেছে। আমরা আল্লাহর কাছে আফিয়াত কামনা করি।

আবু হোরায়রা রাদিয়াল্লাহু তা'আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন- "আমরা রাসূলুল্লাহ ﷺ-এর সঙ্গে হুনাইন যুদ্ধে ছিলাম। মুসলমানদের ভেতর এক ব্যক্তির ব্যাপারে নবীজি ﷺ বললেন, সে জাহান্নামী। আমরা যখন রণাঙ্গনে উপস্থিত হলাম, [তখন দেখলাম] ওই ব্যক্তি প্রাণপণ লড়াই করছে। এক পর্যায়ে সে আঘাতপ্রাপ্ত হল। তখন নবীজীকে বলা হলো, আল্লাহর রাসূল! যে ব্যক্তির ব্যাপারে আপনি এই মাত্র বললেন যে সে জাহান্নামী, সেতো আজ প্রাণপণ লড়াই করেছে এবং সে মারা গেছে। তখন রাসূলুল্লাহ ﷺ বললেনঃ [তার যাত্রা] জাহান্নামের দিকে। এতে করে মুসলমানদের মধ্যে কেউ কেউ কিছুটা সন্দেহ করে বসলো। এমন সময় হঠাৎ কেউ বলল, সে মারা যায়নি। সে মারাত্মক আহত হয়েছিল। যখন রাত হয়, জখমের ব্যথা সহ্য করতে না পেরে সে আত্মহত্যা করে। রাসূলুল্লাহ ﷺ কে যখন এ সংবাদ দেয়া হলো, তখন তিনি বললেন: আল্লাহু আকবার! আমি সাক্ষ্য দিচ্ছি যে আমি আল্লাহর বান্দা এবং তাঁর রাসূল। অতঃপর তিনি বেলালকে নির্দেশ দান করলে বেলাল তখন লোকদের মাঝে এ ঘোষণা করলেন যে, মুসলমান ব্যতীত অন্য কেউ জান্নাতে প্রবেশ করবে না আর নিশ্চয় আল্লাহ তাআলা এই দ্বীনকে পাপিষ্ঠ লোকের দ্বারাও কখনো কখনো শক্তিশালী করে থাকেন।" (হাদীসটি ইমাম মুসলিম বর্ণনা করেছেন)

আমরা সকলেই জানি, আত্মহত্যা শিরকের চেয়ে বড় ও জঘন্য অপরাধ নয়। উম্মে আইমান থেকে বর্ণিত, তিনি রাসূলুল্লাহ ﷺ কে নিজ পরিবারের কাউকে এই ওসিয়ত করতে শুনেছেন, "তুমি আল্লাহর সঙ্গে অন্য কোন কিছুকে শরীক করো না যদিও তোমাকে কেটে ফেলা হয় অথবা আগুনে জ্বালিয়ে দেয়া হয়"। (হাদীসটি আবদ ইবনে হুমাইদ নিজ মুসনাদ গ্রন্থে বর্ণনা করেছেন)

অতএব আমাদের কর্তব্য হলো, আল্লাহর কাছে আফিয়াত কামনা করা এবং শরীয়ত সম্মত পন্থায় তার জন্য চেষ্টা প্রচেষ্টা করা। কখনো শিরকী পন্থা কিংবা নিষিদ্ধ পন্থার কথা চিন্তাও না করা। আর ক্ষমতার উৎস আল্লাহর জন্য সাব্যস্ত না করে জনগণের জন্য সাব্যস্ত করা এবং একইভাবে কোরআনের বিচার না চেয়ে মানব রচিত সংবিধানের কাছে বিচারের জন্য যাওয়া শিরকের অন্তর্ভুক্ত।

তাই হে আফিয়াত প্রত্যাশীরা!!

নিশ্চয়ই দাওয়াতের কাজ ছেড়ে দিয়ে আফিয়াত প্রত্যাশা করা আল্লাহর শরীয়ত বাদ দিয়ে মানব রচিত সংবিধান দ্বারা বিচার ফয়সালা করার মাধ্যমে আফিয়াত প্রত্যাশা করার চেয়ে উত্তম। গাইরুল্লাহর জন্য ক্ষমতা সাব্যস্ত করার মধ্য দিয়ে জুলুম প্রতিহত করা প্রকৃতপক্ষে জুলুম বৃদ্ধি করার নামান্তর।

আল্লাহ তা'আলা বলেন

إن الشرك لظلم عظيم

(নিশ্চয়ই শিরক মহা যুলুম)

৭ নং সংশয়: إكراه -বাধ্যবাধকতা:

এক বক্তা বলেছেন, আমরা এই গণতন্ত্র মেনে নিতে বাধ্য। কারণ তা মেনে নেয়ার জন্য আমাদের উপর চাপ সৃষ্টি করা হয়েছে। এর বাইরে এখন আমাদের আর কোন উপায় নেই।

তাদের এমন ভ্রান্ত দলিল কয়েকভাবে খণ্ডন করা যায়:

প্রথমত: এখানে বাধ্যবাধকতা এবং চাপ সৃষ্টির কোন বিষয় নেই। বরং এটি এখতিয়ার ও নিজস্ব পছন্দ ছাড়া আর কিছুই নয়। এর প্রমাণ হলো, যারা এতে অংশগ্রহণকে হালকাভাবে দেখে, তারা এক বাক্যে একথা বলে "গণতন্ত্র, বহুত্ববাদ এবং ক্ষমতার দ্বিপাক্ষিক বিনিময়ের এই যে পন্থা আমরা গ্রহণ করেছি, তা আমাদের স্ট্র্যাটেজিক চয়েজ, যার মাঝে কোন সন্দেহ নেই। (আলইসলাহিয়্যূন আল ওয়াসত্বিয়্যূন আর রুইয়াতুস সিয়াসিয়্যাহ)

পাঠক! আপনারাই বলুন,এ জাতীয় বক্তব্য যাদের, তাদেরকে কি গণতন্ত্রে অংশগ্রহণের জন্য বাধ্য বলা যায়?

এখানে যে বাধ্যবাধকতার কোন বিষয় নেই,সেটি প্রমাণের জন্য আমরা আরও একটি উদাহরণ দিচ্ছি। যারা গণতান্ত্রিক সিস্টেমে অংশগ্রহণ করছে, তারা কিন্তু গণতন্ত্রের ভূয়সী প্রশংসা করছে, গণতন্ত্রকে একমাত্র সমাধান হিসেবে দেখছে। তাদের বক্তব্য থেকে এটা স্পষ্ট। তারা বলে "গণতন্ত্রের মাধ্যমে মতপ্রকাশের স্বাধীনতা, প্রতিযোগিতা, নিয়ন্ত্রণ ও স্বচ্ছতার যে এক আবহ তৈরি হয়, তা নিঃসন্দেহে উন্নতি, অগ্রগতি, জাগরণ ও প্রগতির জন্য নিয়ামক হিসেবে কাজ করে"। (আলইসলাহিয়্যূন আল ওয়াসতিয়্যূন আর রু'ইয়াতুস সিয়াসিয়্যাহ,)

নোয়াকোচট বিশ্ববিদ্যালয়ে ইখওয়ানের নেতা মোহাম্মদ জামিল মানসুরের বক্তৃতার সময় উপস্থিত এক ব্যক্তির সঙ্গে আমি কথা বলেছি। নেতা সকলকে লক্ষ্য করে এক বাক্যে একথা বলেছেন

"আমি আশাবাদী, আপনারা গণতন্ত্র নিয়ে তুষ্ট থাকবেন এবং এর প্রতি পূর্ণ ঈমান (আস্থা) লালন করবেন"। (!)

তাদের এ সকল বক্তব্য প্রমাণ করে যে, গণতন্ত্রের প্রতি তাদের টান ও ভালবাসা রয়েছে। আর কাউকে তার পছন্দসই বিষয়ে জোর করা,বাধ্য করা ও চাপ প্রয়োগ করার কথা কল্পনা করা যায় না। এ কারণেই আহলে ইলম বলেন মহিলার সঙ্গে জোর করে যিনা করা সম্ভব, কিন্তু পুরুষের ক্ষেত্রে এটা সম্ভব নয়। কারণ নিজস্ব ইচ্ছা ছাড়া কখনো কোন পুরুষ জিনা করতে পারেনা। আর এই নিজস্ব ইচ্ছাটাই জোরজবরদস্তির খেলাপ।

এই কারণেই গণতান্ত্রিক সিস্টেমে এ সকল লোকদের প্রবেশ প্রমাণ করে যে, তারা এর প্রতি তুষ্ট। যেমনটা কবি হুযালী বলেন

فلا تجزعن من سنة أنت سرتها فأول راض سنة من يسيرها

তুমি নিজে যে পন্থা অনুসরণ করেছো, তা দেখে এখন আফসোস করো না। কারণ একটি পন্থার প্রতি সন্তুষ্ট প্রথম ব্যক্তি তো সেই, যে এর প্রচলন ঘটিয়েছে।

দ্বিতীয়তঃ যেহেতু এই গণতন্ত্র পশ্চিমা বিশ্বের পক্ষ থেকে অথবা শাসকদের পক্ষ থেকে আমাদের উপর চাপিয়ে দেয়া হয়েছে, তাই আমাদের উচিত ছিল, তাদের ইচ্ছার বিপরীতে কিছু করা। কারণ আলেমদের কাছে এ বিষয়টা স্বতঃসিদ্ধ যে,অন্যায়কারীর সঙ্গে তার ইচ্ছা ও উদ্দেশ্যের বিপরীত আচরণ করা হবে। এর বিভিন্ন উদাহরণ রয়েছে। যেমন, মিরাছ (মৃত ব্যক্তির পরিত্যক্ত সম্পত্তি) পাবার জন্য হত্যাকারীকে মিরাছ থেকে বঞ্চিত করা হয়। ওয়ারিসের জন্য ওসিয়তকারীর ওসিয়ত রক্ষা করা হয় না। মৃত্যুর আগে অসুস্থ থাকাকালে যে ব্যক্তি মিরাছ থেকে বঞ্চিত করার জন্য স্ত্রীকে তালাক দিয়ে দেয়, তার স্ত্রীকে মিরাছ প্রদান করা হয়। যে ব্যক্তি কোন লোককে হত্যা করে তার স্ত্রীকে বিবাহ করার জন্যে, তার কাছে ঐ স্ত্রীকে বিবাহ দেয়া হয় না।

আমরা দেখতে পেলাম এই সকল ক্ষেত্রে শরীয়ত অন্যায়কারীকে তার ইচ্ছা পূরণ করতে না দিয়ে তার বিপরীত হুকুম প্রদান করেছে। অন্যায়ের দরজা বন্ধ করার জন্য শরীয়তের এমন সিদ্ধান্ত সমুচিত ও যথার্থ। উপরোক্ত মূলনীতিটি ইমাম মালেক রহিমাহুল্লাহ এবং ইমাম আহমাদ রহিমাহুল্লাহ এর নিকট স্বীকৃত।

